**খুলনা সিটি কর্পোরেশন**

**খুলনা।**

**(রাজস্ব বিভাগ)**

| সময় মত পৌর কর পরিশোধ করুন। | নাগরিক সেবায় সহযোগিতা করুন |
|---|---|

# জোড়াগেটস্থ কোরবানির পশুরহাট-২০২৪ ইজারা বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন জোড়াগেট বাজার চত্বরে সপ্তাহব্যাপী কোরবানির পশুরহাট-২০২৪ আগামী ১১-০৬-২০২৪ তারিখ হতে ঈদের দিন সকাল ৬.০০ টা পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্তে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নির্ধারিত দরপত্র ফরম দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত (বন্ধের দিন ব্যতীত) অফিস চলাকালীর সময়ে নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) খুলনা সিটি কর্পোরেশনের হিসাব বিভাগ হতে ক্রয় করা যাবে। দরপত্র সমূহ নির্ধারিত তারিখ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত (১) প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা (২) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা এর দপ্তর কক্ষে রক্ষিত টেন্ডার বক্সের মাধ্যমে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ২.০০ টার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। উল্লেখ্য যে, বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে কর্পোরেশনের বাজার শাখা হতে জানা যাবে।

**তফসিল ঃ**

**হাট-বাজারের নাম ও দরপত্র দাখিলের সময় সূচি ঃ**

| ক্রঃ নং | হাট বাজারের নাম | দরপত্র দাখিলের তারিখ | | | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|
| | | ১ম ডাক | ২য় ডাক | ৩য় ডাক | |
| ১. | সপ্তাহব্যাপী কোরবানির পশুরহাট-২০২৪, জোড়াগেট বাজার চত্বর, খুলনা। | ০৮-০৫-২০২৪ | ১৯-০৫-২০২৪ | ২৯-০৫-২০২৩ | ২,৬৮,৬০,৯৯৬.০০ |

**শর্তাবলী ঃ**

১। ১১-০৬-২০২৪ খ্রিঃ তারিখ হতে পবিত্র ঈদ-উল-আযহার দিন সকাল ৬.০০ টা পর্যন্ত এক সপ্তাহের জন্য হাট ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিল ভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে মেয়র খুলনা সিটি কর্পোরেশন এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায়, দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা হাটের কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। ইজারা সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পন করা হবে।

৩। সকল দরদাতা, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% টাকা ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায়, দরপত্র বাতিলসহ জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

৪। এক বছরের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বছরে জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। ইজারাদারের নাম ঠিকানা নিশ্চিতকল্পে নাগরিক সনদের সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক বিক্রয় মূল্যের উপর (৫% হারে) হাসিল আদায় করতে হবে। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে রেইট চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

৭। সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৮। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি সাবলিজ দেয় অথবা চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত করা হবে।

৯। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১০. দরদাতাকে অবশ্যই মূল্য সংযোজন কর আইনরে ধারা-১৫ মোতাবেক নিবন্ধিত হতে হবে এবং মূসক নিবন্ধন সত্যায়িত অনুলিপি এবং আয়কর সনদের সত্যায়িত কপি ইজারা প্রাপ্তির ০২ দিনের মধ্যে দাখিল করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্র একই হলে কর্তপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্নসহ হাটে পর্যাপ্ত আলোর ব্যবস্থা এবং নিরাপত্তার ব্যবস্থা করবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্ট্রার সংরক্ষন করবেন।

*অপর পাতায়*

১৪. কোন প্রকার ঘষা মাজা কাটাকাটি লেখার উপর লেখা দরপত্র থাকলে বাতিল করা হবে।

১৫. এতদসংক্রান্তে বিজ্ঞপ্তির তথ্য অফিস চলাকালীন সময়ে খুলনা সিটি কর্পোরেশনের বাজার শাখায় পাওয়া যাবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

**১৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।**

22/08/24

**লস্কর তাজুল ইসলাম**
যুগ্মসচিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯

স্মারক নং-৪৬.১৩.০০০০.১০.৯৯.২৪-১৭১ তারিখ- 22/08/24

**<u>অনুলিপি সদয় অবগতি/বহুল প্রচারের জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ</u>**

১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
২। পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা।
৩। জেলা প্রশাসক, খুলনা।
৪। চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা।
৫। সিভিল সার্জন, খুলনা।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), খুলনা।

**প্রধান নির্বাহী কর্মকর্তা**
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯

স্মারক নং-৪৬.১৩.০০০০.১০.৯৯.২৪-১৭১ তারিখ- 22/08/24

**<u>অনুলিপি সদয় অবগতি/বহুল প্রচারের জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ</u>**

১। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
২। বিভাগ/শাখা প্রধানগণ, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৩। সি এ-টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।(মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সি এ-টু প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৫। নোটিশ বোর্ড, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৬। সংশ্লিষ্ট নথি।

**প্রধান নির্বাহী কর্মকর্তা**
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯